# মডিউল-০৭

**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মানব সম্পদ উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনা:**
ক. বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক পরিচালিত বিভিন্ন ধরণের দক্ষতা উন্নয়নমূলক পেশাভিত্তিক প্রশিক্ষণ পরিচিতি;
খ. দক্ষতা উন্নয়নমূলক পেশাভিত্তিক প্রশিক্ষণ গ্রহণের পর কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনা;
গ. কর্মসংস্থানে যুক্ত হওয়ার উপায়সমূহ

"শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তা" এ মন্ত্রে দীক্ষিত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের তৃণমূল পর্যন্ত বিস্তৃত একটি বাহিনী। জননিরাপত্তা বিধান বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অন্যতম দায়িত্ব। পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নে এ বাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আর্থ সামাজিক উন্নয়ণের জন্য প্রয়োজন দক্ষ জনশক্তি এবং দক্ষ জনশক্তি তৈরির মূল চাবিকাঠি হলো প্রশিক্ষণ। তৃণমূল পর্যায়ে বিস্তৃত এ বাহিনীর কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়নের পাশাপাশি বিপুল সংখ্যাক স্বেচ্ছাসেবী ভিডিপি সদস্য-সদস্যার সচেতনতা সৃষ্টি, কর্মদক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিষয়গুলো লক্ষ্য রেখে বিভিন্ন কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতিবছর বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করা হয়। এই প্রশিক্ষণ পরিকল্পনায় পরিকল্পিত কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের দক্ষতা ও দৃষ্টি ভঙ্গির পরিবর্তন করা এবং উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে সময়োপযোগী ও উদ্ভাবনী কর্মকান্ডে আত্মনিয়োগ করে দেশের সামগ্রিক উন্নয়নে অবদান রাখার বিষয়টি প্রাধান্য দেয়া হয়েছে।
তারই ধারাবাহিকতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রশিক্ষণ নির্দেশিকা প্রণয়ন ও স্বেচ্ছাসেবী ভিডিপি সদস্য-সদস্যাগণের কারিগরি ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রদত্ত দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ কেন্দ্র:**
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী তার সদস্যদের সারা বছর ব্যাপী কারিগরি ও পেশাভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। যাতে করে বাহিনীর সেচ্ছাসেবী সদস্যদের আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরি হয়। প্রশিক্ষণ কেন্দ্র সমূহ হলোঃ বাংলাদেশ আনসার-ভিডিপি একাডেমি, ভিটিসি (২), টিটিসি (১), জেলা ও ব্যাটালিয়ন পর্যায়ে কম্পিউটার ট্রেনিং সেন্টার (৩৮) এবং মোটর ড্রাইভিং প্রশিক্ষণ কেন্দ্র (১৪) ইত্যাদি। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের সাথে Collaboration এর মাধ্যমে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**আনসার ভিডিপির দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণের বৈশিষ্ট্যঃ**

১. বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, মহান মুক্তিযুদ্ধের ইতিহাস, কৃষ্টি ও সংস্কৃতি সম্পর্কে অবহিত করা ও দেশপ্রেম উদ্বুদ্ধ করা।
২. হাতে কলমে মাধ্যমে এবং আধুনিক যন্ত্রপাতির সাহায্যে শিখানো।
৩. প্রশিক্ষণ শেষে যাতে স্বাবলম্বী হতে পারে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগাতে পারে তার জন্য উপকরণসমুহ বিনামূল্যে সরবরাহ করা। যেমন- সেলাই ও ফ্যাশন ডিজাইন বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত সকল সদস্যকে স্বাবলম্বী করার লক্ষ্যে ০১ টি করে সেলাই মেশিন প্রদান, মোটর ড্রাইভিং প্রশিক্ষণার্থীদের স্বাবলম্বী করার জন্য ড্রাইভিং লাইসেন্স প্রদান, মুক্তাচাষ প্রশিক্ষণার্থীদের মুক্তাচাষের সরঞ্জামাদি বিনামূল্যে প্রদান করা হয়।
৪. আধুনিক ও যুগোপযোগী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যাতে সুযোগ সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী যুগের সাথে তাল মিলিয়ে চলতে পারেন।
৫. কারিগরি ও পেশাগত প্রশিক্ষণ শেষে যাতে প্রশিক্ষণার্থীরা বেকার না থাকে তার জন্য আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে তাদের ব্যবসায়ের পুঁজি যোগাড় করে দিতে সাহায্য করে।

**আনসার ভিডিপির দক্ষতা উন্নয়নমূলক পেশাগত প্রশিক্ষণের পরিচিতি ঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের পেশাগত দক্ষতা অর্জন, দক্ষ জনশক্তিতে রূপান্তর, সাবলম্বী, আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ দেশের আর্থ সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত ক্যাটাগরিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করে থাকেন।

| প্রশিক্ষণের নাম | উদ্দেশ্য | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| • বেসিক কম্পিউটার প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা) | • কম্পিউটার ব্যবহারে করে তোলার মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা।<br>• কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক অবস্থার উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা। | ৭০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভুক্ত এবং মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য-সদস্যা।<br>• ন্যূনতম এসএসসি পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর।<br>(NSDA কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উর্ত্তীণ হওয়া সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর সনদপত্র প্রাপ্য হবেন এবং একই সাথে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী হতে একটি প্রশংসাপত্র/সনদপত্র দেয়া হবে) |

| প্রশিক্ষণের নাম | উদ্দেশ্য | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| • অটোমেকানিক্স প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড পেইন্টিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• ওয়েল্ডিং ৪জি প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• (ম্যাশনারি অ্যান্ড রড বাইডিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• টাইল্‌স অ্যান্ড সেটিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ)<br>• ফ্রিজ ও এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণ (আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি পুরুষ) | • আনসার ও ভিডিপি সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা।<br>• অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে কর্মসংস্থান সৃষ্টি ও আর্থিক উন্নয়ন ঘটাতে সক্ষম করা।<br>• দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা। | ৭০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর।<br>(NSDA কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উর্ত্তীণ হওয়া সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর সনদপত্র প্রাপ্য হবেন এবং একই সাথে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী হতে একটি প্রশংসাপত্র/সনদপত্র দেয়া হবে) |
| • সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ (ভিডিপি মহিলা) | • হাত এবং পা চালিত সেলাই মেশিনে সেলাই প্রশিক্ষণ প্রদান করা। ব্লক, বুটিক, বাটিক ও এমব্রয়ডারি কাজে<br>• দক্ষ করে গড়ে তোলা এবং আত্মকর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা।<br>• প্রশিক্ষণার্থীদের ফ্যাশন সম্মত পোশাক তৈরি কাজে দক্ষ করে স্বাকলম্বিতা অর্জনের জন্য পেশা হিসেবে গ্রহণের ক্ষেত্র প্রস্তুত করা।<br>• তৈরি পোশাক শিল্পে ও দেশের অভ্যন্তরে কর্মসংস্থানের সযোগ সৃষ্টি করা। ব্লক, বুটিক, বাটিক ও এমব্রয়ডারি কাজে দক্ষ করে গড়ে তোলা। | ৭৫ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর। |
| • সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) | • সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণের মাধ্যমে গার্মেন্টস্‌ ফ্যাক্টরিতে চাকরি অর্জনের উপযোগী করে গড়ে তোলা।<br>• তৈরি পোশাক শিল্পে কর্মসংস্থানের উপযোগী করে আর্থিক উন্নয়ন ঘটাতে সহায়তা করা। | ৬০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর। |
| • ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণ (ভিডিপি মহিলা) | • প্রশিক্ষণের মাধ্যমে ওভেন মেশিন অপারেটিং কাজে দক্ষ গড়ে তোলা।<br>• প্রশিক্ষণার্থীগণকে ইলেকট্রিক মেশিনে সেলাই কাজে দক্ষ করে তোলা।<br>• তৈরি পোশাক শিল্পে কর্মসংস্থানের সযোগ সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়নে সহায়তা করা। | ৬০ দিন | • আনসার ও ভিডিপি প্লাটুনভূক্ত এবং মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ১৮ হতে ৩০ বছর। |

| প্রশিক্ষণের নাম | উদ্দেশ্য | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| • মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ (ভিডিপি পুরুষ) | • সাধারণ আনসার ও ভিডিপি সদস্যগণকে মোটর গাড়ি চালনায় পারদর্শী করে তোলা।<br>• প্রশিক্ষণ গ্রহণকারীগণকে মোটর গাড়ি রক্ষণাবেক্ষণে সক্ষম করে গড়ে তোলা।<br>• দেশে ও বিদেশে কর্মসংস্থান তৈরির মাধ্যমে আর্থিক উন্নয়ন ঘটাতে সহায়তা করা। | ৪২ দিন | • সাধারণ আনসার ও ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য এবং আনসার ব্যাটালিয়নের সদস্য।<br>• ৮ম শ্রেণী পাশ।<br>• বয়সঃ ২১ হতে ৩০ বছর। |
| • ইউটিলিটি প্রশিক্ষণ-আনসার ব্যাটালিয়ন (পুরুষ ও মহিলা) | • প্রাথমিক চিকিৎসা প্রদান ও স্বাস্থ্য পরিচর্যার দায়িত্ব পালনের জন্য দক্ষ করে গড়ে তোলা।<br>• চিকিৎসা ক্ষেত্রে দক্ষতা অর্জন করে সেবা প্রদানের উপযোগী করে তোলা | ৩৬৫ দিন | • এস এস সি বা তদুর্দ্ধ (বিজ্ঞান বিভাগ) অগ্রাধিকার।<br>• বয়সঃ ১৮-৩০ বছর হতে হবে। |
| • ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রশিক্ষণ-ভিডিপি (পুরুষ) | • সমুদ্র সম্পদের বিকাশ<br>• বিভিন্ন সরঞ্জাম ও কৌশল প্রয়োগ করা এবং দেশের আর্থ সামাজিক খাতে অবদান রাখা। | ২১ দিন | • ভিডিপি সদস্য হতে হবে।<br>• ৮ম শ্রেণী পাশ ও তদুর্দ্ধদের অগ্রাধিকার<br>• ১৮-৩০ বছর হতে হবে। |
| • ক্যাটারিং সার্ভিস স্টাফ ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স-আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি (পুরুষ) | • হোটেল, মোটেল, রিসোর্ট এবং পর্যটন শিল্প সংশ্লিষ্ট সংস্থায় কর্মসংস্থানের উপযোগী করে গড়ে তোলা<br>• উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ<br>• দক্ষ সার্ভিস স্টাফ হিসেবে গড়ে তোলা | ২৮ দিন | • **ব্যাটালিয়ন আনসার**<br>• ৮ম শ্রেণি বা তদুর্দ্ধদের অগ্রাধিকার<br>• বয়সঃ ২০-৩৫ বছর<br>• **ভিডিপি সদস্যঃ**<br>• ৮ম শ্রেণি পাশ বা তদুর্দ্ধদের অগ্রাধিকার<br>• বয়সঃ ১৮-৩০ বছর। |


## খ. দক্ষতা উন্নয়নমূলক পেশাভিত্তিক প্রশিক্ষণ গ্রহণের পর কর্মসংস্থানের সুযোগও সম্ভাবনাঃ

**মানব সম্পদ ঃ** মানবসম্পদ বা মানব মূলধন বলতে কর্মীদের মধ্যে এমন জ্ঞান, দক্ষতা, উৎপাদনশীলতা, প্রতিভা ও অন্যান্য অদৃশ্যমান গুণ বা যোগ্যতা থাকাকে বোঝায়, যার অর্থনৈতিক মূল্য রয়েছে।

**মানব সম্পদ উন্নয়নঃ** মানবসম্পদ উন্নয়ন বলতে ব্যক্তি জ্ঞান, দক্ষতা, এবং ক্ষমতা বাড়ানোর প্রক্রিয়াকে বোঝায় যা তাদের কর্ম বা ব্যক্তিগত জীবনে তাদের কর্মদক্ষতা এবং উৎপাদনশীলতা উন্নত করতে পারে। এটি শিক্ষা, প্রশিক্ষণ, পরামর্শদান এবং দক্ষতা নির্মাণের অন্যান্য রুপের মাধ্যমে অর্জন করা যেতে পারে।

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর তার সদস্য সদস্যাদের জন্য দক্ষতা উন্নয়নমূলক কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করে থাকে, যা জনসংখ্যার উল্লেখযোগ্য অংশকে দায় হতে সম্পদে রূপান্তরের মাধ্যমে দেশের জিডিপি'তে ভূমিকা রাখতে সহায়তা করে।

**আনসার-ভিডিপি প্রশিক্ষণ গ্রহণের পর কর্মসংস্থানের সুযোগ ও সম্ভবনা:**



**১। কম্পিউটার প্রশিক্ষণ-ভিডিপি (পুরুষ ও মহিলা)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| কম্পিউটার প্রশিক্ষণ-ভিডিপি (পুরুষ ও মহিলা)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : ৩৮টি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র | ১। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন ও সনদপত্র প্রাপ্তি।<br>২। কম্পিউটার ব্যবহারে পারদর্শী করে তোলার মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে যুগপযোগী দক্ষ মানব সম্পদ তৈরী করা।<br>৩। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে সফল উদ্যোক্তা সৃষ্টি করা।<br>৪। দক্ষ কম্পিউটার অপারেটর হিসেবে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরীর সক্ষমতা অর্জন।<br>৫। আর্থিক অবস্থার উন্নয়নে সক্ষমতা সৃষ্টিসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখা।<br>৬। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে ঋণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সহায়তা প্রদান। |

**২। কারিগরি প্রশিক্ষণ-ভিডিপি (পুরুষ ও মহিলা)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ক। অটোমেকানিক্স প্রশিক্ষণ প্রশিক্ষণ-ভিডিপি (পুরুষ)<br>খ। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ)<br>গ। ইকেট্রিক্যাল হাউজ ওয়ারিং প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ)<br>ঘ। ওয়েল্ডিং ৪জি প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : ০২টি<br>(আনসার ও ভিডিপি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মানিকগঞ্জ ও দিনাজপুর) | ১। আনসার ও ভিডিপি সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে যুগপযোগী দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা।<br>২। অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে দেশে বিদেশে কর্মসংস্থান ও আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা।<br>৩। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে নিজেকে উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠা করা।<br>৪। দক্ষ টেকনিশিয়ান হিসেবে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরীর সক্ষমতা অর্জন।<br>৫। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী হতে সহায়তা প্রদান।<br>৬। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন ও সনদপত্র প্রাপ্তি। |

৩। কারিগরি/দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)

| প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র | প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ |
|---|---|
| ১। প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)<br><br>২। ম্যাশনারি অ্যান্ড রড বাইন্ডিং প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)<br><br>৩। বিল্ডিং কনস্ট্রাকশন পেইন্টিং প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)<br><br>৪। টাইলস্ অ্যান্ড সেটিং প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : ০১টি ( আনসার ও ভিডিপি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মানিকগঞ্জ) | ১। আনসার ও ভিডিপি সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে যুগপযোগী দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা।<br>২। অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে কর্মসংস্থান ও আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা।<br>৩। দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টির ফলে বেকারত্ব দূরীকরণ করা।<br>৪। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে সফল উদ্যোক্তা সৃষ্টি করা।<br>৫। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে লোন প্রদানের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানে সহায়তা প্রদান।<br>৬। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন ও সনদপত্র প্রাপ্তি। |

৪। ইলেট্রিশিয়ান, ফ্রিজ এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণ আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি (পুরুষ)

| প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র | প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ |
|---|---|
| ১। ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)<br><br>২। ফ্রিজ ও এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণ ভিডিপি-(পুরুষ)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : ০১টি (টিটিসি, জামালপুর) | ১। আনসার ও ভিডিপি সদস্যদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারে যুগপযোগী দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা।<br>২। অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে দেশে বিদেশে কর্মসংস্থান সৃষ্টি ও আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা।<br>৩। দক্ষ টেকনিশিয়ান হিসেবে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরীর সক্ষমতা অর্জন।<br>৪। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে সফল উদ্যোক্তা সৃষ্টি করা। |

৫। সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ ভিডিপি-(মহিলা)

| প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র | প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ |
|---|---|
| ১। সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ ভিডিপি (মহিলা)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : ০২টি (ভিটিসি, গাজীপুর ও ভিটিসি, কলাকোপা)<br><br>২। সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ (অতি: নকশি কাঁথা তৈরী) ভিডিপি-(মহিলা)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কুষ্টিয়া, যশোর, জামালপুর, চাঁপাইনবাবগঞ্জ, মাদারীপুর, দিনাজপুর, পাবনা, পিরোজপুর, শরীয়তপুর মোট = ০৯টি কেন্দ্র। | ১। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রশিক্ষণ সমাপ্তকারী প্রত্যেক ভিডিপি সদস্যাগণকে বিনা মূল্যে ০১টি করে সেলাই মেশিন প্রদান ও কর্মসংস্থানে সহায়তা প্রদান করা।<br>২। হাত ও পা চালিত সেলাই মেশিনে সেলাই প্রশিক্ষণ প্রদান করা এবং ব্লক, বাটিক, বুটিক ও এমব্রয়ডারি কাজে দক্ষ করে গড়ে তোলা।<br>৩। প্রশিক্ষণার্থীগণকে সেলাই কাজে দক্ষ করে গড়ে তোলা, মেশিন ও সেলাই কাজে সক্ষম করা এবং আত্নকর্মসংস্থানের জন্য তাদের যোগ্য করে গড়ে তোলা।<br>৪। তৈরী পোশাক শিল্পে ও দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়ন ঘটাতে সক্ষম করা।<br>৫। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে সফল উদ্দোক্তা সৃষ্টি করা।<br>৬। ফ্যাশন ডিজাইনার হিসেবে নারী ভিডিপি সদস্যাগণকে দক্ষ করে গড়ে তোলা।<br>৭। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে স্বল্প সুদে ঋণ প্রদানের মাধ্যমে আত্ননির্ভরশীল করে তোলা। |

**৬। সোয়েটার মেশিন ও ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ ও মহিলা)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ১। সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ)<br><br>২। ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণ ভিডিপি (মহিলা)<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : ০১টি ( আনসার ও ভিডিপি একাডেমি) | ১। সোয়েটার মেশিন ও ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণের মাধ্যমে গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি অর্জনের উপযোগী করে গড়ে তোলা। তৈরী পোশাক শিল্পে কর্মসংস্থানের উপযোগী করে আর্থিক উন্নয়ন ঘটাতে সহায়তা করা।<br><br>২। প্রশিক্ষণার্থীগণকে সেলাই কাজে দক্ষ করে গড়ে তোলা, মেশিন ও সেলাই কাজে সক্ষম করা এবং আত্নকর্মসংস্থানের জন্য তাদের যোগ্য করে গড়ে তোলা।<br><br>৩। তৈরী পোশাক শিল্পে ও দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে আর্থিক উন্নয়ন ঘটাতে সক্ষম করা।<br><br>৪। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে সফল উদ্যোক্তা সৃষ্টি করা। |

**৭। মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ আনসার ব্যাটালিয়ন, সাধারন আনসার ও ভিডিপি (পুরুষ)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ১। মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ আনসার ব্যাটালিয়ন, সাধারন আনসার ও ভিডিপি (পুরুষ)<br>প্রশিক্ষণ কেন্দ্র : ১৪টি<br>ক। আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।<br>খ। ব্যাটালিয়ন সদর দপ্তর, ইলাইপুর, খুলনা, রামগঞ্জ, লক্ষ্মীপুর, কালাপুর, সিলেট।<br>গ। জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নরসিংদী, শরীয়তপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, পাবনা, নওগাঁ, দিনাজপুর, রেঞ্জ কার্যালয়, ময়মনসিংহ ও কুমিল্লা মোট = ০৯টি কেন্দ্র। | ১। ভিডিপি সদস্যগণকে বিনামূল্যে লারর্ণার ও ড্রাইভিং লাইসেন্স প্রদান ও কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা প্রদান।<br>২। স্বেচ্ছাসেবী ভিডিপি সদস্যগণকে মোট গাড়ি চালনায় পারদর্শী করে তোলা।<br>৩। প্রশিক্ষণগ্রহণকারীকে মোটর গাড়ী রক্ষনাবেক্ষণে সক্ষম করে গড়ে তোলা।<br>৪। দেশে ও বিদেশে কর্মসংস্থান তৈরীর মাধ্যমে দেশের অর্থনীতিকে সচল রাখা। |

**৮। ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ১। ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ)<br>প্রশিক্ষণ কেন্দ্র : ০৩টি<br>ক। চট্টগ্রাম রেঞ্জ কার্যালয়, চট্টগ্রাম।<br>খ। বরিশাল রেঞ্জ কার্যালয়, বরিশাল<br>গ। জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কক্সবাজার | ১। ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) সম্পর্কে তাত্ত্বিকের পাশাপাশি ব্যবহারিকভাবে ধারনা প্রদান এবং বাংলাদেশের পরিপ্রেক্ষিতে সমুদ্র সম্পদের বিকাশ।<br>২। ব্লু-ইকোনমি (সুনীল অর্থনীতি) পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সরঞ্জাম ও কৌশল প্রয়োগ করা এবং অবশেষে দেশের আর্থ-সামাজিক খাতে অবদান রাখা। |

**৯। ক্যাটারিং সার্ভিস স্টাফ ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি (পুরুষ)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ১। ক্যাটারিং সার্ভিস স্টাফ ও হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স আনসার ব্যাটালিয়ন ও ভিডিপি (পুরুষ)<br>প্রশিক্ষণ কেন্দ্র : ০১টি<br>(জেলা আভি কার্যালয়, সিলেট) | ১। তরুণ ভিডিপি সদস্যদের দেশে ও বিদেশে হোটেল, মোটেল, রিসোর্ট এবং পর্যটন শিল্প সংশ্লিষ্ট সংস্থায় কর্মসংস্থানের উপযোগী দক্ষতা প্রদান।<br>২। ক্যাটারিং সার্ভিস বিষয়ে উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ। |

**১০। কৃষিভিত্তিক প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ ও মহিলা)**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ১। **কৃষিভিত্তিক প্রশিক্ষণ ভিডিপি (পুরুষ ও মহিলা)**<br><br>প্রশিক্ষণ কেন্দ্র : আনসার ও ভিডিপি সদর দপ্তর কর্তৃক নির্ধারিত জেলা আনসার ও ভিডিপি কার্যালয়সমূহ। | ১। মাশরুম চাষ, মুক্তা চাষ, গবাদী পশু পালন, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ ও বিভিন্ন কৃষিভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান ও আর্থিক উন্নয়নে সক্ষমতা সৃষ্টি করা।<br>২। বাস্তবধর্মী জ্ঞান অর্জনের মাধ্যমে সফল কৃষি উদ্দোক্তা সৃষ্টি করা।<br>৩। কৃষিভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে যুগপযোগী দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা। |

**১১। ক্রীড়া প্রশিক্ষণ**

| **প্রশিক্ষণের নাম ও প্রশিক্ষণ কেন্দ্র** | **প্রশিক্ষণের উদ্দেশ্য এবং ভিডিপি সদস্য-সদস্যাগণের কর্মসংস্থানের সুযোগ ও সম্ভাবনাসমূহ** |
|---|---|
| ১। ক্রীড়া প্রশিক্ষণ<br><br>প্রশিক্ষণ কেন্দ্র :<br>আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে শারীরিক ও মানসিকভাবে যোগ্য করে গড়ে তোলা।<br>২। জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য উপর্যুক্ত করে গড়ে তোলা।<br>৩। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে খেলোয়াড়দের বাহিনীর ক্রীড়া দলে অন্তর্ভূক্ত করে ক্রীড়া ক্ষেত্রে অবদান রাখা। সকল দলের খেলোয়াড়গণ আনসার ও ভিডিপি একাডেমিতে অবস্থান করে সারা বছর ক্রীড়া অনুশীলনের ব্যবস্থা রাখা। দেশে তরুণ জনবলকে ক্রীড়ায় আগ্রহী করে তোলা। অতীতের সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে আসন্ন ১০ম বাংলাদেশ গেমস উপলক্ষ্যে প্রতিটি ইভেন্টে খেলোয়াড়দের প্রস্তুত ও নিবিড় অনুশীলন অব্যাহত রাখা। |

## গ. কর্মসংস্থানে যুক্ত হওয়ার উপায়সমূহ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বেকার সদস্যদের বেকারত্ব দূর করা, কর্মসংস্থানের পরিধি বাড়ানো, অর্থনৈতিক উন্নয়নে দেশকে গতিশীল করা, আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা, স্থাণীয় ও পারিবারিক সম্পদের পূর্ণ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন ধরণের পেশাভিত্তিক কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে।

**<u>কর্মসংস্থানে যুক্ত হওয়ার উপায় সমূহ নিম্নরূপঃ</u>**

* সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানে বিভিন্ন ট্রেডে আউট সোর্সিং হিসেবে কাজ পাওয়ার সুযোগ রয়েছে;
* দলগতভাবে সমবায় বা যৌথ ব্যবসা করার সুযোগ বয়েছে;
* সরকারী ব্যাংকসমূহে স্বল্প সুদে ঋণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা যায়;
* জনশক্তি কর্মসংস্থা ও প্রশিক্ষণ ব্যুরো এজেন্সির মাধ্যমে বিদেশে দক্ষ জনশক্তি হিসেবে কাজ করা সুযোগ রয়েছে;
* প্রশিক্ষণ গ্রহণের পরে নারী সদস্যদের পোশাক খাতে কর্মে নিয়োজিত হওয়ার ক্ষেত্রে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী পোশাক শিল্প মালিকদের সাথে যোগাযোগের ভূমিকা পালন করে থাকে।

**<u>আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে কর্মসংস্থানের যুক্ত হওয়ার উপায় সমূহ :</u>**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদস্য/সদস্যাদের উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক একটি সরকার নিয়ন্ত্রিত বিশেষায়িত ব্যাংক। গ্রাম পর্যায়ে বসবাসরত বাহিনীর সদস্য/সদস্যাগণের মাঝে আয়বর্ধক বিভিন্ন খাতে ঋণ সুবিধা প্রদান করে তাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখতে এ ব্যাংকটি কাজ করে যাচ্ছে।

**<u>ঋণ প্রদানের খাতসমূহ হলো ঃ</u>**

- একটি বাড়ি একটি খামার প্রকল্প ঋণ।
- গবদি পশু ও গাভী পালন।
- দুগ্ধ খামার।
- গরু-ছাগল মোটাতাজাকরণ।
- মহিষ ত্রয়।
- পোল্ট্রি খামার স্থাপন।
- হাঁস পালন।
- পুকুরে মৎস চাষ।
- মৎস্য হ্যাচারী প্রকল্প।
- চিংড়ী চাষ।
- মৎস্য ও পশু সম্পদের খাদ্য প্রস্তুত ও বিক্রয়।
- নার্সারী প্রকল্প।
- উদ্যান প্রকল্প।
- শাক-সবজী উৎপাদন।
- কৃষিজাত পণ্যের বাজারজাতকরণ।
- ফলমূল উৎপাদন।
- গ্রামীণ পরিবহন।
- বায়োগ্যাস প্লান্ট ও সৌর বিদ্যুৎ স্থাপন।
- কৃষি যন্ত্রপাতি ক্রয়।
- আনসার ভিডিপি প্রণোদনা কৃষি ভিত্তিক প্রকল্প।
- মৌমাছি পালন।